

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৬৭২

ধর্মনগর, ৩০ অক্টোবর, ২০২৪

এইডস : রাজ্যব্যাপী প্রচারাভিযান
ধর্মনগরে প্রাক-সমাপনী অনুষ্ঠান

এইচআইভি ও এইডস নিয়ে রাজ্যব্যাপী প্রচারাভিযানের সমাপ্তি উপলক্ষে আজ ধর্মনগরে প্রাক-সমাপনী অনুষ্ঠানের আয়োজন করা হয়। ধর্মনগরের বিবেকানন্দ সার্ধশতবার্ষিকী ভবনে আয়োজিত এই অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিধানসভার অধ্যক্ষ বিশ্ববন্ধু সেন। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি অপর্ণা নাথ, ধর্মনগর পুরপরিষদের চেয়ারপার্সন মিতালি রাণী দাস সেন, ভাইস চেয়ারপার্সন মঞ্জু নাথ, উত্তর ত্রিপুরা জেলার অতিরিক্ত জেলাশাসক বিপ্লব দাস, অতিরিক্ত পুলিশ সুপার জেরিমিরা ডার্লং, ধর্মনগর মহকুমার মহকুমা শাসক সজল দেবনাথ, ত্রিপুরা স্টেট এইডস কন্ট্রোল সোসাইটির প্রকল্প অধিকর্তা ডা. সমর্পিতা দত্ত, জেলা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের যুগ্ম অধিকর্তা দিলীপ দেববর্মা, জেলা শিক্ষা আধিকারিক সুখময় নাথ প্রমুখ। অনুষ্ঠানে বিধানসভার অধ্যক্ষ বিশ্ববন্ধু সেন বলেন, এইচআইভি ও এইডস নিয়ে সবাইকে আরও সচেতন হতে হবে। অনুষ্ঠানে বিভিন্ন বিদ্যালয় ও মহাবিদ্যালয়ের ছাত্রছাত্রী ও শিক্ষক শিক্ষিকা এবং স্বসহায়ক দলের সদস্য সদস্যারা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে পাওয়ারপয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে ড্রাগস ব্যবহারের কুফলতার দিক তুলে ধরা হয়। ত্রিপুরা এইডস কন্ট্রোল সোসাইটির উদ্যোগে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়।
